

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/৯৪

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিএসইসি চেয়ারম্যানের সাথে কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যানসহ শ্রীলঙ্কান বিনিয়োগকারীদের একটি দলের সৌজন্য সাক্ষাৎ প্রসঙ্গে।

অদ্য ১১ মার্চ ২০২৫ রোজ মঙ্গলবার তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান এর সাথে কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যানসহ শ্রীলঙ্কান বিনিয়োগকারীদের একটি দল সৌজন্য সাক্ষাৎ করেন। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বিএসইসি চেয়ারম্যানের দপ্তরে অনুষ্ঠিত উক্ত সৌজন্য সাক্ষাৎ-এ কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান জনাব **Dilshan Wirasekara**, শ্রীলঙ্কার ফাস্ট ক্যাপিটাল হোল্ডিংস পিএলসি'র চিফ অপারেটিং অফিসার জনাব **Tharusha Ekanayake** ও চিফ রিসার্চ অ্যান্ড স্ট্রাটেজি অফিসার জনাব **Dimantha Mathew** অংশ নেন। এসময় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ ও বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ বিএসইসি'র পক্ষ হতে উপস্থিত ছিলেন।

উক্ত সাক্ষাতে শ্রীলঙ্কান বিনিয়োগকারীদের দলটি বাংলাদেশে পুঁজিবাজারের বিনিয়োগ এবং দেশের পুঁজিবাজারের অপারেশনাল ক্ষেত্রগুলোতে কাজ করার আগ্রহ প্রকাশ করেছেন। এসময় পুঁজিবাজারের বিভিন্ন দিক এবং ভবিষ্যত সম্ভাবনাসমূহ নিয়ে দু পক্ষের মধ্যে আলোচনা হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


২১/০৩/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

